



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING/ MORNING NEWS BULLETIN

BENGALI

20 JULY 2024

7:35 AM IST

সংসদের বাজেট অধিবেশনের আগে সরকার আগামী রবিবার একটি সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে। বৈঠকে সরকার সংসদের উভয় সভার কাজকর্ম সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবধরনের সহযোগিতা চাইবে। বাজেট অধিবেশন আগামী ২২শে জুলাই থেকে ১২ই আগস্ট পর্যন্ত অনুষ্ঠিত হবে। আগামী ২৩শে জুলাই সংসদে কেন্দ্রীয় বাজেট পেশ করা হবে। এবারে বাজেট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকারের তৃতীয় কার্যকালের প্রথম বাজেট। রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু গতমাসে সংসদের উভয় সভার যুগ্ম বৈঠককে সম্বোধন করে এবারের বাজেট সরকারের সুদূরপ্রসারী নীতি ও ভবিষ্যত পরিকল্পনার নথি হবে বলে আশা প্রকাশ করেছেন।

চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পর্যায়ে প্রবেশ পরীক্ষার ফলাফল শহর ও পরীক্ষা কেন্দ্র অনুযায়ী আজ বেলা ১২ টার মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে সুপ্রীম কোর্ট নির্দেশ দিয়েছে। পরীক্ষা অনুষ্ঠিত করা জাতীয় পরীক্ষণ সংস্থাকে সুপ্রীম কোর্ট এই নির্দেশ দিয়েছে। নীট ইউ - জি পরীক্ষার কেলেংকারী মামলার শুনানি গ্রহন করে উচ্চতম ন্যায়ালয়ের

মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় , বিচারপতি জে বি পাৰ্ডিয়াল্লা ও বিচারপতি মনোজন মিশ্ৰকে নিয়ে গঠিত বিচারপীঠ এই নিৰ্দেশ দিয়েছে । মামলার পরবৰ্তী শুনানির দিন ২২ শে জুলাই ধাৰ্য করা সহ সেদিন ই চূড়ান্ত রায দেওয়ার সম্ভাবনা রয়েছে ।

নিৰ্বাচন কমিশন লোকসভা নিৰ্বাচনে জয়লাভ করা রাজ্যের পাঁচজন বিধায়কের প্রতিনিধিত্ব করা আসামের পাঁচটি বিধানসভা আসনের উপ-নিৰ্বাচনের জন্য ভোটার তালিকা সংশোধনের সময়সীমা নিৰ্ধাৰণ করেছে । সেই অনুসারে আগামী ৩০শে জুলাই খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে । ৩০শে জুলাই থেকে দশই আগস্ট পর্যন্ত ভোটার তালিকা সম্পর্কে যেকোনো ধরনের দাবি ও আপত্তি দাখিল করা যাবে । তেসরা এবং চৌঠা আগস্ট বিশেষ অভিযানের দিন ধাৰ্য করা হয়েছে । নিৰ্বাচন কমিশন আগামী ১৯শে আগস্টের মধ্যে ভোটার তালিকা সংক্রান্ত দাবি-আপত্তি সমূহ নিষ্পত্তি করে বিশেষ আগস্ট চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবে । রাজ্যের যে পাঁচটি বিধানসভা আসনে উপ-নিৰ্বাচন অনুষ্ঠিত হবে, সেগুলি হচ্ছে- ধলাই, সিডলি, বঙাইগাও, বিহালী এবং সামুগুড়ি ।

মিজোরামের ভৈৰবী-সাইরাং নতুন রেললাইন প্রকল্পের বৰ্তমান অবস্থান সম্পর্কে ঐ রাজ্যের রাজ্যপাল ডঃ হরিবাবু কস্তামপাতি গতকাল আইজল রাজভবনে উত্তর-পূৰ্ব সীমান্ত রেলের আধিকারিকদের সঙ্গে বিষয়টি নিয়ে পর্যালোচনা বৈঠক করেছেন । উত্তর-পূৰ্ব সীমান্ত রেলের আধিকারিকরা রাজ্যপালকে রেলের এই নতুন প্রকল্পের অগ্রগতির বিষয়ে অবগত করান । উল্লেখ্য- এই প্রকল্পের কাজ সম্পূৰ্ণ হলে রেলপথে পণ্য এবং যাত্রী পরিষেবা মিজোরামের জনসাধাৰণের দোরগোড়ায় এসে যাবে ।

উত্তর-পূর্ব সীমান্ত রেল অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে আরো দুই জোড়া বিশেষ যাত্রী ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে গৌহাটী-আনন্দ বিহার টার্মিনাল এবং নিউ তিনশুকিয়া -ভগৎ কি কোঠী বিশেষ যাত্রী ট্রেন পরিষেবা চালু করা হবে।

গৌহাটী-আনন্দ বিহার টার্মিনাল বিশেষ যাত্রী ট্রেন আগামী ২৪শে জুলাই থেকে প্রতি বুধবার বেলা তিনটায় গৌহাটী থেকে যাত্রা করে শুক্রবার সকাল ৮টা ৫০ মিনিটে আনন্দ বিহার টার্মিনাল স্টেশন পৌঁছবে।

অন্যদিকে আনন্দ বিহার-গৌহাটী বিশেষ যাত্রী ট্রেন আনন্দ বিহার থেকে প্রতি শুক্রবার রাত ১১টা ৪৫ মিনিটে যাত্রা করে গৌহাটীতে দুপুর দুটো ১৫ মিনিটে পৌঁছবে।

এদিকে নিউ তিনশুকিয়া -ভগৎ কি কোঠী বিশেষ যাত্রী ট্রেনটি নিউ তিনশুকিয়া থেকে আগামী ২২শে জুলাই থেকে প্রতি সোমবার রাত ১২ টা ৪৫ মিনিটে যাত্রা করে বৃহস্পতিবার সকাল ৭টা ১৫ মিনিটে ভগৎ কি কোঠী স্টেশনে পৌঁছবে। অন্যদিকে ভগৎ কি কোঠী স্টেশন থেকে প্রতি শুক্রবার সকাল সাড়ে পাঁচটায় যাত্রা করে সোমবার সকাল চারটায় এসে নিউ তিনশুকিয়া স্টেশন পৌঁছবে।

রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা বরাক উপত্যকার তিন জেলা সফর করে বন্য পরবর্তী পরিস্থিতির খোঁজ খবর নিয়েছেন। এরপর এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বলেন যে রাজ্যের অন্যান্য প্রান্তের মতো যাতে বরাক উপত্যকার উন্নয়ন দ্রুত গতিতে হয় তার জন্য ইতিমধ্যে অনুষ্ঠিত কেবিনেট বৈঠকে মুখ্যমন্ত্রী ডঃহিমন্ত বিশ্ব শর্মা অভিভাবক মন্ত্রী সহ প্রত্যেক

কেবিনেট মন্ত্রীদেৰ মাসে দুবার করে তিন জেলায় উপস্থিত হয়ে উন্নয়নের পর্যালোচনা করার নির্দেশ দিয়েছেন । মূখ্যমন্ত্রীর এই সিদ্ধান্ত বরাকের উন্নয়নে নতুন গতি আনবে বলেও শ্রী হাজারিকা আশা প্রকাশ করেন ।

উল্লেখ্য জলসম্পদ মন্ত্রী গতকাল প্রথমে কাছাড় জেলার বন্যা পরিস্থিতির খোঁজ খবর নিয়ে হাইলাকান্দি নিমাইচাঁদপুরের তছলা বাঁধ পরিদর্শন করেন এবং ভেঙ্গে পড়া নদী বাঁধ আজ থেকে জিও মেগা টিউব দিয়ে মেরামত করা হবে বলে জানান । এছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহস্থারাদের দ্রুত সরকারি সহায়তা প্রদান করতে জেলা আয়ুক্তকে নির্দেশ দেন । মন্ত্রী গতকাল জেলার ওয়াংখাইলাংখাই ও রাজ্যস্বরপুর অঞ্চলের নদী বাঁধও পরিদর্শন করেন । এরপর তিনি করিমগঞ্জ জেলার ইছাগঞ্জ, বিলবারী, রূপগ্রাম ইত্যাদি অঞ্চলের ভেঙ্গে পড়া নদী বাঁধের নির্মাণ কাজের তদারকি করেন । করিমগঞ্জ জেলার বন্যা পরিস্থিতি স্বাভাবিক হবার পর জলসম্পদ বিভাগের বিভিন্ন সেতু বাঁধ ইত্যাদি পরিদর্শন করার পর মন্ত্রী বিভাগীয় আধিকারিকদের বাকী থাকা কাজগুলি শীঘ্র সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছেন ।
